দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদায় জেলা গোয়েন্দা শাখার (ডিবি) মাদক বিরোধী অভিযানে দুই কেজি গাঁজা সহ এক জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত হলেন উপজেলার ইব্রাহিমপুর গ্রামের শহিদ বিশ্বাসের স্ত্রী সানোয়ারা বেগম সানু (৫২)। গত রবিবার বেলা ৩টার দিকে আটককৃত আসামির বাড়ির সামনের পাকা রাস্তার উপর থেকে তাকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জনাব আব্দুল্লাহ্ আল-মামুনের দিক নির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ জনাব শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই শহিদুল বাশার, এসআই শিহাব উদ্দিন, এএসআই শ্রী রমেন কুমার সরকার, এএসআই সাজদার রহমান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন ইব্রাহীমপুর গ্রামস্থ গ্রেফতারকৃত আসামী সানোয়ারা বেগন সানু’র নিজ বসত বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে তার ডান হাতে থাকা কাপড়ের ব্যাগ হতে ২ কেজি গাঁজা ও অবৈধ গাঁজা বিক্রয়ের ৭শত পঞ্চাশ টাকা উদ্ধার পূর্বক তাকে গ্রেফতার করা হয়। পরে আসামিকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আসামির বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। আজ (মঙ্গলবার) বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

মুজিবনগরে মহিলা জামায়াতের ৮ নেতা কর্মী আটক, সাংগাঠনিক বই

জব্দ

সরকার বিরোধী গোপন বৈঠক চলাকালীন সময়ে সাংগঠনিক বইসহ জামায়াতের ৮ নারী কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে উপজেলার গোপালনগর গ্রামের মোশারফ মাষ্টারের বাড়িতে অভিযান চালিয়ে পুলিশ তাদের আটক করে।

আটকৃতরা হলেন- উপজেলার গোপালনগর গ্রামের মোশাররফ হোসেনের স্ত্রী রকেয়া খাতুন (৪২), শিবপুর গাজী পাড়ার হুমায়ুন কবিরের স্ত্রী শম্পা খাতুন (২৮), মোনাখালীর গ্রামের উত্তর পাড়ার ইজদানের স্ত্রী ফাতেমা খাতুন (৪০), মোনাখালী বাজার পাড়ার নয়ন মিয়ার স্ত্রী হানিফা আক্তার বিউটি (৩৪), শিবপুর মসজিদ পাড়ার চাঁদ আলীর স্ত্রী হাফিজা খাতুন (৩৮), রামনগর মধ্যপাড়ার দরুদ আলীর স্ত্রী রেজমিনা খাতুন (৪৪), শিবপুর গলাকাটা পাড়ার নজরুল ইসলাম মালীতার স্ত্রী সালেহার খাতুন (৪০) এবং বিশ্বনাথপুর বড় মসজিদ পাড়ার আনোয়ার হোসেনের স্ত্রী সুমাইয়া জান্নাতি (২৫)।

মুজিবনগর থানার ওসি জানান, সরকার বিরোধী গোপন বৈঠক করছেন এমন খবরের ভিত্তিতে সেখান অভিযান চালানো হয়। অভিযানে তাদের কাছে থেকে, ২০২৩ সালের জামায়াত ইসলামের মহিলা বিভাগের বার্ষিক পরিকল্পনা বই, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সকল পর্যায়ের জনশক্তির প্রতি আমীরে জামায়াতের আহ্বান, সংগঠন পদ্ধতি, ইসলাম ও জাহেলিয়াত, পবিত্র সীরাতন্নবী (সা:) উপলক্ষে বাংলাাদেশ জামায়াত ইসলামীর আহবান, দ্বীন ইসলামের ১৫টি গুরুত্বপূর্ণ বিষয়ে সঠিক ধারণা, ইমানের হাকীকত, নামায রোজার হাকীকত, তাফহীমুল কুরআন, আদর্শ মানব মুহাম্মদ (সা:)কুরআন ও হাদীসের আলোকে রাসুল মুহাম্মদ (সা:) দ্বীন প্রতিষ্ঠায় মহিলাদের দায়িত্ব, বিষয় ভিত্তিক কোরআন ও হাদীস, ইসলামী সংগঠন, ইসলামী আন্দোলন, জামায়াত এবং জামায়াত নেতৃবৃন্দের বিরুদ্ধে ষড়যন্ত্র, ইসলামী ছাত্রী সংস্থাসহ প্রায় ৮০টি বিভিন্ন প্রকারের বই জব্দ করা হয়েছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল আরো জানান আটক জামায়াতের নারী নেতা কর্মীরা সরকার সম্পর্কে বিদ্বেষ বিতৃষ্ণা ও মিথ্যা রটনা ছড়িয়ে নাশকতকা সৃষ্টিসহ জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে আইনশৃংখলার অবনতি করার লক্ষে ২০/২৫ জন নারী সরকার বিরোধী

সন্ত্রাস ও নাশকতা কার্যকলাপ করার উদ্যেশ্যে পরিকল্পনা ও মিটিং করছিল। আটকদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে এজাহার নামীয় ৮ জন ও অজ্ঞাতনামা আরো ১২/১৫ জনকে আসামি করা হয়েছে। আটক নারী নেতা কর্মীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

দামুড়হুদার জয়রামপুর কাঠালতলা বাজারের পান চোর আটক

দামুড়হুদার জয়রামপুর কাঠালতলা বাজারের নাইট গার্ডের হাতে পান সহ এক চোর আটক হয়েছে। গতকাল বুধবার ভোর ৫টার দিকে।

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামে প্রতিনিয়ত কৃষকের স্বপ্ন পান চুরি। গতকাল ভোর পাঁচটার দিকে জয়রামপুর কাঁঠালতলা বাজারের নাইট গার্ড সাহাবুল হোসেন সন্দেহ জনকভাবে একজনকে জিজ্ঞাসা করে এবং তার হাতে থাকা বড় ব্যাগে কি আছে তা দেখতে চাই।

এতে ওই ব্যক্তি আপত্তি জানিয়ে চলন্ত একটি পাখি ভ্যানে উঠে পালিয়ে যেতে চাই। তখন নাইট গার্ড সাহাবুল অনেক ধস্তাধস্তি করে। পরে পান চোর পালানোর চেষ্টা করে, তখন নাইট গার্ড পান চোর কে তারিয়ে ধরে। এবং তার ব্যাগ চেক করে দেখা যায় আনুমানিক ৫০ থেকে ৬০ পন পান আছে।

আটককৃত পান চোর চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামের মৃত ফজর আলী মন্ডলের ছেলে মোহাম্মদ মিরাজুল ইসলাম (৬০) ।

পান চোর মিরাজুল ইসলাম পেশায় একজন ফল ব্যবসায়ী। পরে নাইট গার্ড সাহাবুল বাজার কমিটির জানাই। বাজার কমিটির লোকজন এসে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে তার ব্যাগে আছে ৫০ থেকে ৬০ পন পান। এই পানগুলো কাঁঠাল তোলার নিকটবর্তী জয়রামপুর বাগানপাড়া আকবর আলীর ছেলে শহীদ এর পান খেত থেকে চুরি করা হয়।

জানাজানি হলে পানের মালিক শহীদ ঘটনাস্থলে আসে এবং তার সত্যতা যাচাই করে। শহীদের কাছে জানতে চাইলে শহীদ বলে গতরাতে ১৭ পিলি পান চুরি হয়েছে। পরে স্থানীয়রা পান চোর মিরাজুল কে দামুড়হুদা মডেল থানা পুলিশের হাতে সদর্পণ করে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার এসআই শেখ তৌহিদুর রহমান বলেন, এটা একটা চোর চক্রের কাজ। সরাসরি অভিযুক্ত ব্যক্তি ক্ষেত থেকে পান চুরি করে নাই এর পিছনে অনেকেই জড়িত থাকতে পারে।

দামুড়হুদায় ৪৬ বোতল ফেনসিডিলসহ নারী আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৪৬ বোতল ফেনসিডিলসহ লাইলী খাতুন নামে একজনকে আটক করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে গত শনিবার দিনগত গভীর রাতে কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ায় লাইলী খাতুনের বাড়িতে অভিযান চালিয়ে বসতবাড়ীর পূর্বদূয়ারী পাকা বসতঘরের শয়ন কক্ষের মধ্যে থেকে ৪৬ বোতল ফেন্সিডিল সহ একজনকে আটক করে।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ার আরশাদ আলীর স্ত্রী লাইলী খাতুন (৫৫)।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ একজন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আসামির বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরের হেরোইন সহ একজন আটক

মুজিবনগর ৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়া নামে এক ব্যক্তিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গত শনিবার রাত্রে মুজিবনগর থানা অফিসার ইনচার্য মেহেদী রাসেল, এর নেতৃত্ত্বে এসআই উত্তম কুমার, এসআই সাহেব আলী সঙ্গীয় ফোর্স এর সহায়তায় মুজিবনগর থানাধীন বিদ্যাধরপুর গ্রামস্থ জনৈক নিয়ত এর বসত বাড়ির উঠানে অভিযান পরিচালনা করে ০৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়াকে (২২) আটক করে।

রিংকু মিয়া মেহেরপুর সদর উপজেলার নবীনগর খালপাড়ার আবু সিদ্দিক এর ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করে গতকাল বরিবার কোর্টে প্রেরণ করা হয়েছে ।

জীবননগরে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযান ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক।

গতকাল বুধবার রাতে জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার ইসলামপুর মোড়ে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুবলপুর গ্রামের মৃত বদর উদ্দিন মন্ডলের ছেলে আব্দুস সাত্তার এবং পুরাতন লক্ষীপুর গ্রামের আব্দুর

রশিদের ছেলে নাজমুল হাসানকে ২৫ পিচ ইয়াবাসহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

আলমডাঙ্গায় ১০৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই যুবক আটক

আলমডাঙ্গায় নেশা জাতীয় দ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ ২ যুবককে আটক করেছে পুলিশ। সোমবার (৫ ডিসেম্বর) দুপুর দেড়টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ অভিযান চালিয়ে সোনাতনপুর মোড় থেকে দুই যুবককে আটক করে।

আটকৃত যুবকেরা হলো- জেহালা ইউনিয়নের বড় পুটিমারী গ্রামের মোহাম্মদ আলীর ছেলে রিদয় আহম্মেদ (২৪) ও গড়চাপড়া গ্রামের হামিদুল ইসলামের ছেলে রাকিব হাসান।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার জেহালা ইউনিয়নের সোনাতনপুর মোড়ে দুই যুবক মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ বিক্রি উদ্দেশ্যে অবস্থা করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের উপ-পরিদর্শক এসআই রকিবুল ইসলাম ও সহকারী উপ-পরিদর্শক এএসআই সাহাবুদ্দিন লস্কর সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। দুই যুবককে সন্দেহ মূলক আটক করে। তাদের শরীর তল্লাশি করে ১০৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

এবিষয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম জানান, দুইজনকে ১০৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গার চিৎলা ইউপির সাবেক চেয়ারম্যানসহ বিএনপির ৪ নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র যুগ্ম-সাধারণ সহ বিএনপির ৪ নেতাকর্মীকে পুলিশ আটক করেছে বলে অভিযোগ উঠেছে। শনিবার (০৩ ডিসেম্বর) দিবাগত রাত জেলার বিভিন্নস্থান থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, সদরের আলুকদিয়া ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক আক্তারুজ্জামান, আলুকদিয়া ইউনিয়ন বিএনপির গ্রাম বিষয়ক সম্পাদক আশাদুল ইসলাম ও চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য সচিব মাজেদুল ইসলাম মেহেদী।

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সভাপতি শরিফুজ্জামান সিজার বলেন, আমাদের চুয়াডাঙ্গায় কোন প্রোগ্রাম নেই। ঢাকায় বিএনপির বিভাগীয় সমাবেশের কোন দিক নির্দেশনা ও আসেনি আমাদের কাছে। এরই মাঝে হঠাৎ করেই আমাদের নেতাকর্মীদের ধড়পাকড় শুরু করেছে পুলিশ। রাতে আমার বাড়িতেই রাতে পুলিশ এসেছিল। সব মামলায় আমরা জামিনে আছি।

তিনি আরও বলেন, সরকার নতুন করে প্রক্রিয়া করছে আমাদের নেতাকর্মীদের ভয়ভীতি দেখিয়ে মামলা দিয়ে জেলে রেখে ঢাকায় বিএনপির বিভাগীয় সমাবেশ কেউ যেন এগুতে না পারে। আমরা আগে থেকেই শুনছি বিভিন্নস্থানে পটকা ফুটিয়ে আমাদের নামে দোষারোপ করছে পুলিশ। আটক নেতাকর্মীদের অবিলম্বে মুক্তি দাবি করছি।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ বলেন, শনিবার রাতে পুলিশ জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদকসহ বিএনপির ৪ নেতাকর্মী আটক করেছে। থানাতে খোজ নিয়ে দেখেছি এদের নামে কোন মামলা নেই। আগামী ১০ ডিসেম্বর বিএনপি সমাবেশকে কেন্দ্র করে বিভিন্ন জেলা পর্যায়ে বিএনপি ও অঙ্গসংঘঠনের নেতৃত্ব পর্যায়ে

নেতাকর্মীদের আটক করা হচ্ছে। পুলিশ বাদি হয়ে গায়েবি মামলা দেয়ার চেষ্টা করছে বলে শুনছি। এই গণগ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি এবং অবিলম্বে মুক্তি দাবি করছি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন বলেন, আইনশৃংখলা রক্ষার ক্ষেত্রে গোপন সংবাদের ভিত্তিতে কাজ করে যাচ্ছে পুলিশ। সেই আলোকেই তাদেরকে আটক করা হয়েছে। আটকদের নিকট থেকে যা কিছু উদ্ধার হয়েছে সেই আলোকেই তাদের বিরুদ্ধে মামলা দায়ের হবে।

মেহেরপুর সীমান্তে ৮ কেজি গাঁজাসহ একজন আটক

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে ৮ কেজি গাঁজা ও দেশীয় তৈরী হাসুয়াসহ মোঃ সাইদার আল সোনা (৬৫) নামের এক মাদক কারবারীকে আটক হয়েছে।

আটক সাইদার আল সোনা গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের মৃত শামস উদ্দীনের ছেলে।

গতকাল শুক্রবার (২ ডিসেম্বর) দিবাগত রাত ১১ টার দিকে রংমহল বিওপি’র আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৬/১-এস ধলার মাঠে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়নের গাংনী উপজেলার রংমহল বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ ফজলার রহমানের নেতৃত্বে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। এসময় তার কাছ থেকে ৮ কেজি গাঁজা, একটি দেশীয় তৈরী হাসুয়া, একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দিয়ে তাকে হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুরের জনি আটক

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী জনি (৩৩) কে আটক করেছে দর্শনা থানা পুলিশ।সে দর্শনা পৌরসভার দক্ষিণচাঁদপুর গ্রামের ওহাব মিয়ার ছেলে।

জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযন চালায় বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্ম পাড়ার সামনে পাঁকা রাস্তার উপর।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই নীতিশ বিশ্বাস, এ এস আই তুহিন, এ এস আই হাফিজুর রহমান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় আকন্দবাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় পুলিশ ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুর গ্রামের জনি কে গ্রেফতার করে ।গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।